গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
শহর সমাজসেবা কার্যালয়, রংপুর
https://css.rangpur.gov.bd

স্মারক নম্বর ঃ ৪১.০১.৮৫০০.০০০.০০০.০৬.০০০৭.২৬ .২৬৬

তারিখ ঃ ২৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ১০ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

এতদ্বারা রংপুর সিটি কর্পোরেশন, রংপুরের 'ফ্যামিলি কার্ড শুমারি,- ২০২৬'-এর শুমারিকালীন স্বেচ্ছাসেবী (তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার) নিয়োজিতকরণের জন্য বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত বৈধ আবেদনকারীদের মধ্য হতে 'ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬' নির্দেশিকা অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্য হতে মেধাক্রম অনুসারে নির্বাচিত, রিজার্ভ ও অপেক্ষমান প্রার্থীদের চূড়ান্ত তালিকা এবং সংশ্লিষ্ট শর্তাবলি প্রকাশ করা হলো।

০২। এই ফলাফল রংপুর সিটি কর্পোরেশন, রংপুরের ওয়েবসাইটে (https://rpcc.gov.bd) এবং শহর সমাজসেবা কার্যালয়, রংপুরের ওয়েবসাইটে (https://css.rangpur.gov.bd ) পাওয়া যাবে।

সংযুক্তি:
১. ফলাফল: ৩৭ পাতা।
২. শর্তাবলি: ০১ পাতা।

রাকিব হাসান
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
রংপুর সিটি কর্পোরেশন
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারির স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।

স্মারক নম্বর ঃ ৪১.০১.৮৫০০.০০০.০০০.০৬.০০০৭.২৬.২৬৬

তারিখ ঃ ২৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ১০ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রশাসক, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।
২. জেলা প্রশাসক, রংপুর।
৩. পুলিশ সুপার, রংপুর।
৪. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর ।
৫. পরিচালক (সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৬. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রংপুর।
৭. উপপরিচালক, জেলা শিক্ষা অফিস, রংপুর।
৮. উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, রংপুর।
৯. উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, রংপুর।
১০. জেলা নির্বাচন অফিসার, রংপুর।
১১. অফিসার ইন চার্জ,......................,রংপুর।
১২. জনাব...............................................।
১৩. অফিস কপি।

১০.০৮.২০২৬
মোঃ আরিফুর রহমান
সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারির স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।

CamScanner

## শর্তাবলি

০১। স্বেচ্ছাসেবীগণের এ মনোনয়ন সম্পূর্ণভাবে অস্থায়ী যা কেবলমাত্র ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার (Household Database) তথ্য সংগ্রহ জরিপকালীন পর্যন্ত থাকবে;

০২। এই মনোনয়ন কোন আবেদনকারীকে স্বেচ্ছাসেবী হিসেবে নিয়োজিতকরণের নিরঙ্কুশ নিশ্চয়তা প্রদান করবে না বা এ মনোনয়নের ফলে কোন নিরঙ্কুশ অধিকার জন্মাবে না।

০৩। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের কার্যক্রম সম্পর্কিত সকল বিষয় "ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার (Household Database) তথ্য সংগ্রহ নির্দেশিকা, ২০২৬" অনুসারে পরিচালিত ও নিয়ন্ত্রিত হবে;

০৪। অপেক্ষমান তালিকায় থাকা মানে মূল দায়িত্বে নিয়োজনের নিশ্চয়তা নয়; এটি কেবলমাত্র আপদকালীন বা বিশেষ জরুরি পরিস্থিতিতে ত্বরিত জনবল প্রদানের লক্ষ্যে প্রস্তুতকৃত সংরক্ষিত অপেক্ষমান তালিকা মাত্র; অপেক্ষমান তালিকা হতে জনবল মাঠে নিয়োজনের প্রয়োজন হলে প্রস্তুতকৃত মেধাক্রমানুসারে অগ্রাধিকার ভিত্তিতে মাঠে নিয়োজিত করা হবে।

০৫। জরিপে সংগৃহীত তথ্যের গোপনীয়তা রক্ষা বাধ্যতামূলক; নির্দেশিকায় বর্ণিত শর্তাদি প্রতিপালনে ব্যত্যয় হলে এবং আবেদনের সময় দাখিলকৃত কোন সনদ, জাতীয় পরিচয়পত্র, বয়স, ফৌজদারি মামলা সংক্রান্ত তথ্যাদি, অসত্য বা প্রতারণামূলক মর্মে প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে মনোনয়ন বাতিল, সম্মানী বাজেয়াপ্ত এবং প্রযোজ্য ক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

০৬। জরিপ শেষে সরকারি সকল ডিভাইস, গ্যাজেট ও আনুষঙ্গিক উপকরণ বাধ্যতামূলকভাবে ফেরত প্রদান করতে হবে; ডিভাইস নষ্ট, হারানো বা চুরির ক্ষেত্রে সংশ্লিষ্ট স্বেচ্ছাসেবীর নিকট হতে বিধি মোতাবেক ক্ষতিপূরণ আদায় করা হবে;

০৭। জরিপকার্যে নিয়োজিত হয়ে সংগৃহীত খানার তথ্যের সংখ্যার ভিত্তিতে (কর্তৃপক্ষ যদি সম্মানী বরাদ্দ রাখে তবে বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন সাপেক্ষে) সম্মানী প্রদান করা হবে; রিজার্ভ বা সংরক্ষিত গণনাকারীর ক্ষেত্রে নির্দেশিকায় উল্লিখিত বিধি-বিধান প্রযোজ্য হবে; জরিপ সমাপ্ত না হওয়া পর্যন্ত বা বরাদ্দ পাওয়া না গেলে সম্মানী দাবী করা যাবে না;

০৮। তথ্য সংগ্রহের জন্য দৈনিক ০৮ (আট) ঘন্টা সঠিক তথ্য সংগ্রহের জন্যই কেবল মনোনয়ন বহাল থাকবে। নিজের ডিভাইস অন্যের নিকট হস্তান্তর সম্পূর্ণভাবে নিষিদ্ধ; কোন পর্যায়ে বিধি বহির্ভূত কোন কার্যক্রম পরিচালনা করা হলে সকল প্রকার মনোনয়ন বাতিল ও সংরক্ষিত তালিকা হতে মেধাক্রম অনুসারে প্রতিস্থাপন করা হবে;

০৯। নিয়োজিত সকল স্বেচ্ছাসেবীকে (তথ্য সংগ্রহকারী/সুপারভাইজার) সিটি কর্পোরেশন কর্তৃক মনোনীত যে কোন ওয়ার্ডে দায়িত্ব পালন করতে হবে। দায়িত্ব বিভাজন সংশ্লিষ্ট ক্ষেত্রে কোন 'পছন্দ' দেওয়া যাবে না; দূরবর্তী এলাকায় দায়িত্ব পালনে অপারগ হলে তৎক্ষণাৎ মনোনয়ন বাতিল ও সংরক্ষিত তালিকা হতে মেধাক্রম অনুসারে মনোনয়ন প্রদান করা হবে;

১০। মনোনীত প্রার্থীদের (মূল ও সংরক্ষিত) সকলকে আবশ্যিকভাবে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে; প্রশিক্ষণে অংশগ্রহণ না করলে মনোনয়ন বাতিল বলে গণ্য হবে;

১১। জরিপকালে কোন খানাপ্রধান বা পরিবারকে ফ্যামিলি কার্ডের প্রতিশ্রুতি দেওয়া, ভয়-ভীতি প্রদর্শন, মিথ্যা বা অসত্য তথ্য ইনপুট, আর্থিক বা অনৈতিক সুবিধা দাবি কঠোরভাবে নিষিদ্ধ; এ ধরণের কোন অভিযোগ পাওয়া মাত্রই মনোনয়ন বাতিলসহ কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে;

১২। কারও বিরুদ্ধে কোন ফৌজদারী অপরাধ/রাষ্ট্রবিরোধী কার্যক্রমে লিপ্ত থাকার প্রমাণ পাওয়া গেলে তার বিরুদ্ধে প্রচলিত আইন ও বিধি-বিধান মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;

১৩। প্রকাশিত ফলাফলে কোন ভুল/ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা বাছাই কমিটি সংরক্ষণ করে এবং

১৪। কর্তৃপক্ষ কোন ব্যাখ্যা ছাড়াই যে কোন মনোনয়ন বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে এবং মাঠ পর্যায়ে নিয়োজন সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

২০১৮/২৬

রাকিব হাসান
পরিচিতি নং-১৭০৯৪
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
রংপুর সিটি কর্পোরেশন

CamScanner